



অগ্রণী ব্যাংক লিমিটেড

মানব সম্পদ উন্নয়ন ও আপীল বিভাগ
প্রধান কার্যালয়, ৯/ডি দিলকুশা বা/এ, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়ে প্রাথমিকভাবে ২ (দুই) বছর মেয়াদে চুক্তিভিত্তিক একজন সার্বক্ষণিক আইন উপদেষ্টা নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তাবলীর অধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

(১) কর্মপরিধি :-

- ব্যাংকের বিভিন্ন শাখা, আঞ্চলিক কার্যালয়, সার্কেল ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ হতে প্রেরিত আইন সংক্রান্ত দলিল পত্রাদির খসড়া প্রণয়ন ও মামলার আরজি ভেটিং ও আইনগত মতামত প্রদান এবং মামলা সংশ্লিষ্ট কার্যালয়ে নিযুক্ত তালিকাভুক্ত আইনজীবী দ্বারা বিভিন্ন আদালতে বিচার্য মামলা সমূহ সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি ;
- অর্থক্ষণ আদালতসহ বিভিন্ন আদালতে বিচার্য মামলাসহ অগ্রণী ব্যাংকের বিভিন্ন বিষয়ে আইনগত মতামত প্রদান ;
- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আহৃত সভায় মামলা সংক্রান্ত বিষয়ে আইনগত মতামত প্রদান ;
- মামলাসমূহের অগ্রগতি এবং গৃহীতব্য পদক্ষেপ সম্পর্কিত বিষয়ে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের নিকট সরাসরি রিপোর্ট করণ ;
- ব্যাংকের আইন বিভাগের উপদেষ্টা হিসাবে আইন বিভাগীয় সকল মামলা এবং আইন সংক্রান্ত সকল বিষয়ের সমুদয় দায়িত্ব পালন।

(২) প্রয়োজনীয় যোগ্যতা :-

- প্রার্থীকে অবসরপ্রাপ্ত জেলা জজ বা সম পর্যায়ের বিচারক অথবা দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন আইনজ্ঞ/ আইন কর্মকর্তা হতে হবে ;
- প্রার্থীকে ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠানের বিধি-বিধান এবং ব্যাংকিং সংক্রান্ত মামলা পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে ;
- ট্রেড ইউনিয়ন আইন, বাণিজ্যিক আইন, কোম্পানী আইন, ট্যাক্সেশন আইন এবং আন্তর্জাতিক ব্যবসা সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে প্রার্থীর বাস্তব অভিজ্ঞতা ও জ্ঞান থাকতে হবে ;
- অর্থক্ষণ আদালত আইন সম্পর্কে প্রার্থীর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। অর্থক্ষণ আদালতে মামলা পরিচালনায় ব্যাংক নিয়োজিত কৌশলি এবং ব্যাংক কর্মকর্তাদের প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদানে সক্ষম হতে হবে।

(৩) চুক্তিকালীন সময়ে নির্বাচিত প্রার্থী নিম্নোক্ত সুবিধাদি ভোগ করিবেন :-

- বেতন ও অন্যান্য সুবিধাদি : চুক্তিকালীন সময়ের জন্য বেতন ও অন্যান্য সুবিধাদি উভয় পক্ষের মধ্যে আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে ;
- অফিস সময় :- অফিসকালীন সময় বলতে ব্যাংকের অফিস সময় বুঝাবে ;
- ছুটি : চুক্তিভিত্তিক নিয়োগে প্রচলিত শর্তে ছুটি প্রদান করা হবে।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদকাল :-

সম্পাদিতব্য চুক্তির মেয়াদ নিয়োগের তারিখ হতে প্রাথমিকভাবে ২(দুই) বৎসরের জন্য হবে, প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে চুক্তির মেয়াদ বাড়ানো যেতে পারে।

আগ্রহী প্রার্থীকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, চাকরি হইতে অবসর গ্রহণের মঞ্জুরী পত্রের কপি, চাকরির বিস্তারিত বৃত্তান্ত, প্রশিক্ষণ ও অর্থক্ষণ আদালতে কাজের অভিজ্ঞতার বিস্তারিত তথ্য, সর্বশেষ বেতন বিবরণী (এলপিসি) সহ ২ (দুই) কপি আবেদনপত্র সর্বশেষ ১৮/০৬/২০০৯ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাকযোগে প্রেরণ করার অনুরোধ করা যাচ্ছে। অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না। পূর্বে উক্ত পদে এ ব্যাংকে কর্মরত ছিলেন এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ব্যাংক যে কোন দরখাস্ত গ্রহণ/বাতিলের অধিকার সংরক্ষণ করে।

এ.কে.এম, মুজিবুর রহমান
মহাব্যবস্থাপক (মাসব্যুড)
ফোন : ৯৫৫৭২১২, ৯৫৬৩৬৭২